

## জাবি ভিসির পদত্যাগ দাবিতে মানববন্ধন

জাবি প্রতিনিধি

৩০ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ৩০ সেপ্টেম্বর ২০১৯

০০:২৫



দৈনিক আমাদের সময়  
**আমাদের সময়**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের চলমান ভর্তি পরীক্ষার মধ্যেই ভিসিবিরোধী টানা আন্দোলন করে যাচ্ছে আন্দোলনকারীরা। ভর্তি পরীক্ষায় ভিসিকে পরীক্ষাকেন্দ্রে অবাস্তিত ঘোষণা করে কালো পতাকা প্রদর্শন এবং পহেলা অক্টোবরের মধ্যে পদত্যাগ দাবিতে ধারাবাহিক এ আন্দোলন চলছে।

গতকাল রবিবার দুপুর একটায় জাবির কেন্দ্রীয় শহীদ মিনারের পাদদেশে ‘দুর্নীতির বিরুদ্ধে জাহাঙ্গীরনগর’ ব্যানারে আবারও মানববন্ধন রচনা করা হয়। এ কর্মসূচি থেকে আজ সোমবার শহীদ মিনারে কালো পতাকা প্রদর্শন এবং প্রতিবাদী সংগীত পরিবেশনের কর্মসূচি ঘোষণা করেন আন্দোলনের মুখপাত্র অধ্যাপক রায়হান রাইন।

এ সময় অধ্যাপক সাঈদ ফেরদৌস বলেন, জাহাঙ্গীরনগর কোনো অন্যায়কে ছাড় দেয় না। ভিসিকে আমরা ১ অক্টোবরের মধ্যে পদত্যাগ করতে আলটিমেটাম দিয়েছি। এ সময়ের মধ্যে তিনি পদত্যাগ না করলে আমরা কঠোর আন্দোলনের মাধ্যমে পদত্যাগ নিশ্চিত করব।

advertisement